

গড়বেতা কলেজে সাইবার ক্রাইম বিষয়ে সচেতনতা শিবির
পত্রিকা প্রতিনিধিঃ গড়বেতা কলেজ এবং পশ্চিম মেদিনীপুরের জেলা
পুলিশের সাইবার ক্রাইম বিভাগ ও গড়বেতা থানার যৌথ উদ্যোগে সাইবার
ক্রাইম বিষয়ে একটি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছিল
বৃহস্পতিবার। এই আলোচনাচক্রের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড.
হরিপ্রসাদ সরকার। এই সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন গড়বেতা
থানার সাব-ইন্সপেক্টর মহম্মদ নাসিমুদ্দিন, জেলা পুলিশের সাইবার ক্রাইম
বিভাগের পক্ষ থেকে দুজন সাব-ইন্সপেক্টর প্রত্যয় দাস ও নীলেন্দ্র
দাস। সমগ্র অনুষ্ঠানটি ব্যবস্থাপনায় ছিলেন কলেজের ইন্টারনেট বিভাগের
যুগ্ম আহ্বায়ক মৌসুমি পাল ও ড. অভিজিৎ ব্যানার্জী।



সচেতনতা শিবির

গড়বেতা: পুলিশের উদ্যোগে সাইবার অপরাধ নিয়ে সচেতনতা শিবির হল গড়বেতা কলেজে। বৃহস্পতিবার কলেজের সেমিনার হলে জেলা পুলিশের পক্ষ থেকে ওই শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। পুলিশ আধিকারিকেরা সাইবার ক্রাইম সম্পর্কে বিস্তারিত আলোচনা করে ছাত্রছাত্রীদের সচেতন করেন।

সচেতনতা শিবির